গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
আইসিটি শাখা

অক্টোবর, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মো: জিয়াউল হক মীর<br>অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| সভার তারিখ | ১৫ অক্টোবর, ২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.১৫ টা |
| স্থান | জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | পরিশিষ্ট ' ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভাপতি জেলা প্রশাসনসহ সকল সরকারি দপ্তরের নতুন কোন উদ্ভাবনী উদ্যোগ এবং কর্মপরিকল্পনা থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

গত ০৭ জুলাই ২০২৩ তারিখ মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর সভাপতিত্বে জুম প্ল্যাট ফর্মে অনুষ্ঠিত 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখ শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত দিবস উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন, বর্ণাঢ্য র‌্যালী, মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, সেমিনার/আলোচনা সভা আয়োজন, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে স্থাপিত এলইডিতে, স্থানীয় মিডিয়ায় ও স্থানীয় পত্রিকায় প্রচার এর ব্যবস্থাকরণ এর বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারগণ সার্বিকভাবে জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার- এর সাথে সমন্বয় পূর্বক জেলা ও উপজেলা পর্যায়ে নির্ধারিত প্রতিযোগিতা আয়োজন করার লক্ষ্যে সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আর্কষণ করেন।

মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন ইত্যাদি কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। বিগত ত্রৈমাসিকের অগ্রগতির প্রতিবেদন পাঠানো হয়েছে এবং পরবর্তী কার্যক্রমের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়।

ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন অনুযায়ী ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/ কর্মশালা আয়োজন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।
উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করা এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণসহ স্ব-স্ব উপজেলার তথ্য বাতায়নে আপলোড করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী এবং উদ্ভাবনী উদ্যোগসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ১.১.১ মোতাবেক সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এবং ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ৬.১.১ মোতাবেক চলতি অর্থবছরে আরও ০১টি কর্মশালা আয়োজন করতে হবে। | টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া |
| ০২ | ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকের ৫.১.১ এবং ৫.১.২ মোতাবেক হালনাগাদকরণ নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করতে হবে। | টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া |
| ০৩ | উদ্ভাবনী কর্মপরিকল্পনার তথ্য জেলা ও উপজেলার তথ্য বাতায়নে নিয়মিত হালনাগাদ করতে হবে। | জেলা পর্যায়ে দপ্তর প্রধান (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া |
| ০৪ | উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া |
| ০৫ | স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে উদ্যোগ গ্রহণপূর্বক মাঠ পর্যায়ে তা বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ করতে হবে। | টিমের সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া |

| | | |
|---|---|---|
| ০৬ | 'আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখ শেখ রাসেল দিবস ২০২৩ উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন, বর্ণাঢ্য র‍্যালী, মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, সেমিনার/আলোচনা সভা এবং জেলা পর্যায়ে 'প্রিয় শেখ রাসেল' বিষয়ে প্রেজেন্টেশন প্রস্তুতকরণ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ ডিজিটাল ল্যাব বিষয়ে বেসিক প্রোগ্রামিং/কুইজ প্রতিযোগিতার আয়োজন করতে হবে এবং সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে স্থাপিত এলইডিতে, স্থানীয় মিডিয়ায় ও স্থানীয় পত্রিকায় প্রচার করতে হবে। | টিমের সকল সদস্য; উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা), ব্রাহ্মণবাড়িয়া |

সভাপতি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণ কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তঃ পরিশিষ্ট-ক



মো: জিয়াউল হক মীর
অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৭.০৬.০০৬.২২.২০৭

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০
১৫ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৪) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৫) জেলাপ্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
৭) উপপরিচালক, উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
৯) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর,ব্রাহ্মণবাড়িয়া
১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
১১) তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া
১২) জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
১৩) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, ব্রাহ্মণবাড়িয়া
১৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ব্রাহ্মণবাড়িয়া
১৬) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর, জেলা হিসাব রক্ষণ অফিস, ব্রাহ্মণবাড়ীয়া
১৭) জনাব কাজী শরীফুল ইসলাম, সহকারী অধ্যাপক,, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া ।
১৮) জনাব মো: নাছির উদ্দিন, সহকারী অধ্যাপক,, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া ।
১৯) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া ।
২০) অধ্যক্ষ, জাহানারা কুদ্দুস ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট, আন্দিদিল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ।



মো: জিয়াউল হক মীর
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)